তারিখ 16 SEP 19.. … …
পৃষ্ঠা … ২ … কলাম … … …

98

দৈনিক ইত্তেফাক

# শিক্ষার পরিবেশ ফিরাইয়া আনা প্রসঙ্গে সুপারিশ

(ইত্তেফাক রিপোর্ট)

জাতীয় প্রেসক্লাবে গতকাল (শুক্রবার) আয়োজিত এক সেমিনারে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ভূতপূর্ব ভাইস চ্যান্সেলর আবদুল আজিজ খান ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রী সংখ্যা ১৮ হাজার হইতে ৭/৮ হাজারে কমাইয়া আনার পরামর্শ দিয়াছেন। তিনি

(২য় পৃ: দ্র:)

## শিক্ষার পরিবেশ

(শেষ পৃ: পর)

ছাত্র ও শিক্ষকদের 'রাজনীতির সময়' কমানোর জন্য তন্মধ্যে ৩/৪ হাজার ছাত্র-ছাত্রীকে গবেষক শিক্ষার্থী হিসাবে গবেষণায় নিমগ্ন করার আহ্বান জানাইয়া বলেন, ঠিক এভাবেই চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ৮২-র পর 'শিক্ষার পরিবেশ ফিরাইয়া আনা হইয়াছে।' চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় একা দেশের সকল বিশ্ববিদ্যালয়ের মোট পিএইচডির চাইতে বেশী ডক্টরেট ডিগ্রী দিয়াছে।

কাজী গোলাম মাহবুবের সভাপতিত্বে অনুষ্ঠিত এ সেমিনারে ভূতপূর্ব ভিসি লিখিত ভাষণ পাঠ করেন গতকাল বিকালে। বাংলাদেশের সমকালীন সমস্যাবলী ও সমাধানের উপায় শীর্ষক সেমিনারে শিক্ষা ও সন্ত্রাস সম্পর্কে তিনি এ বক্তব্য রাখেন। এ সেমিনারে অর্থনীতি প্রশ্নে সাবেক অর্থমন্ত্রী সাইফুর রহমান, রাজনীতি, আইন ও বিচার প্রশ্নে বক্তব্য রাখেন বিচারপতি আবদুর রহমান চৌধুরী ও বিচারপতি টিএইচ খান। এশিয়ান কালচারাল ফোরাম অন ডেভেলপমেন্ট-সহ একটি পরিবেশ সংগঠনের নামে এ সেমিনার আয়োজিত হয়। এশীয় ফোরামের সদর দফতর ব্যাঙ্ককে। অধ্যাপক আবদুল আজিজ খান 'ধর্মনিরপেক্ষ' ছাত্রলীগের সহিত 'ইসলামপন্থী' ছাত্রশিবিরের কলহকে স্বাভাবিক কিন্তু 'ইসলামঘেঁষা' ছাত্রদলের সহিত শিবিরের মারাত্মক হানাহানি 'স্বাভাবিক' নয়' বলিয়া মন্তব্য করেন। তিনি বলেন, দুষ্কৃতকারীদের অনুপ্রবেশ ঘটাইয়া এ অবস্থা সৃষ্টি অসম্ভব নয়।

আবদুল আজিজ খান বলেন, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে অতিরিক্ত ছাত্র ভর্তির ব্যবস্থা, কুমিল্লা, খুলনা, রংপুরে নয়া বিশ্ববিদ্যালয়ে ছাত্র বন্টন করিয়া ঢাকা বিশ্ববিদ্যালয়ে ছাত্র রাজনীতি সহজ করিয়া নিয়া আসা সম্ভব হইবে। তিনি বলেন, বিশ্ববিদালয়ের শিক্ষকরাও অনেকে গভীর রাজনীতি করেন।